

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৬ এর মাধ্যমে ১ সেপ্টেম্বর ২০১৬ তারিখে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠার পর থেকে বিডা দেশি বিদেশি বিনিয়োগ আকর্ষনে কাজ করে যাচ্ছে।

বাংলাদেশে বিনিয়োগ বান্ধব পরিবেশ সৃষ্টির কার্যক্রম--

- বিশ্ব ব্যাংকের *ডুইং বিজনেস* ২০২০ সালের রিপোর্টে ৮ ধাপ এগিয়ে ১৬৮তম স্থানে অবস্থান করছে বাংলাদেশ। গত বছর *ডুইং বিজনেস*-এর ১০টি সূচকের মধ্যে সাতটি সূচকে মোট ৫৩টি সংস্কার করা হয়েছে এবং আগামী বছরের জন্য মোট ৫১টি সংস্কার প্রস্তাব সংযুক্ত করে আইএফসির সহযোগিতায় একটি কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। আশা করা যাচ্ছে ইতোমধ্যে বাস্তবায়িত রিফর্মসমূহ এবং কর্মপরিকল্পনায় সংযুক্ত রিফর্মসমূহ বাস্তবায়ন করা গেলে ব্যবসা সহজিকরণ সূচকে ডাবল ডিজিটে পৌঁছানোর লক্ষ্য পূরণ সম্ভব হবে।

অনলাইন ওয়ান স্টপ সার্ভিস- এর মাধ্যমে বিনিয়োগ সেবা প্রদান--


- ২০১৯ সালের ২৪ ফেব্রুয়ারীতে অনলাইন ওয়ান স্টপ সার্ভিস (ওএসএস) প্রদান শুরু করে বিডা।
- বর্তমানে যৌথ মূলধন কোম্পানি ও ফার্মমূহের পরিদপ্তর, জাতীয় রাজস্ব বোর্ড, সোনালী ব্যাংক লিঃ, নির্বাচন কমিশন সচিবালয়, সুরক্ষা সেবা বিভাগ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ ও বিডাসহ মোট ৭টি প্রতিষ্ঠানের ২১টি সেবা ওয়ান স্টপ সার্ভিসের মাধ্যমে প্রদান করা হচ্ছে।
- ৩৫টি প্রতিষ্ঠানের ১৫৪টি সেবা পর্যায়ক্রমে বিডার ওয়ান স্টপ সার্ভিসের মাধ্যমে প্রদানের লক্ষ্যে কাজ করছে বিডা।
- ১৬টি প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

সরাসরি বিদেশী বিনিয়োগের হার বৃদ্ধি--


- ২০১৮ সালে বাংলাদেশের সরাসরি বিদেশী বিনিয়োগের (FDI) হার বৃদ্ধি পায় ৬৮%। একই সময়ে সরাসরি বিদেশী বিনিয়োগের বৈশ্বিক হার কমেছে ১৩%। ২০১৮ সালে **gross FDI inflow** রেকর্ড US\$৪.৫ বিলিয়নে উন্নিত হয়। ২০১৬-১৭ অর্থবছর হতে ২০১৯ সালের ডিসেম্বর পর্যন্ত দেশে সরাসরি বিদেশী বিনিয়োগের পরিমাণ ১০১০৬.৫৩ মিলিয়ন মার্কিন ডলার। বিডা নানাবিধ বিনিয়োগ উন্নয়ন কার্যক্রমের মাধ্যমে এই বৃদ্ধিতে অবদান রেখেছে।

বিডায় বিনিয়োগ নিবন্ধন-


প্রস্তাবিত স্থানীয় বিনিয়োগে নিবন্ধিত শিল্পের উপাত্ত:



প্রস্তাবিত ১০০% বিদেশী ও যৌথ বিনিয়োগে নিবন্ধিত শিল্পের উপাত্ত:



মোট প্রস্তাবিত নিবন্ধিত শিল্পের উপাত্ত:



শিল্প করিডোর--

- বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম অঞ্চলে শিল্প করিডোর স্থাপনের লক্ষ্যে Strategic Action Plan তৈরি করেছে বিডা। উত্তর পূর্ব অঞ্চলে শিল্প করিডোর স্থাপনের লক্ষ্যে Feasibility Study করা হবে।

উদ্যোক্তা সৃষ্টি ও দক্ষতা উন্নয়ন প্রকল্প-

TRAINING TARGET
24000

TRAINING COMPLETED
14050

ENTREPRENEUR
2926

EMPLOYMENT
26593

INVESTMENT
798 CORE BDT

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে ইনভেস্টরস লাউঞ্জ (চামেলি বিডা লাউঞ্জ)

